

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩৫৪

৮/ সওম (রোযা) (১য়০৮)

পরিচ্ছেদঃ ২০. অবলিম্বে ইফতার করা মুস্তাহাব

بَابُ مَا يُسْتَحَبُّ مِنْ تَعْجِيلِ الْفِطْرِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الْأَعْمَشِ، عَنْ عُمَارَةً بْنِ عُمَيْرٍ، عَنْ أَبِي عَطِيَّةً، قَالَ: دَخَلْتُ عَلَى عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَا وَمَسْرُوقٌ، فَقُلْنَا: يَا أُمَّ الْمُؤْمِنِينَ، رَجُلَانِ مَنْ أَصْحَابِ مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَحَدُهُمَا يُعَجِّلُ الْإِفْطَارَ، وَيُعَجِّلُ الصَّلَاةَ، وَالْآخَرُ يُؤخِّرُ الْإِفْطَارَ، وَيُعَجِّلُ الصَّلَاةَ؟ وَالْآخَرُ يُؤخِّرُ الْإِفْطَارَ، وَيُعَجِّلُ الصَّلَاةَ؟ قُلْنَا: عَبْدُ اللَّهِ، قَالَتْ: كَذَلِكَ كَانَ يَصنْنَعُ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

صحيح

#### বাংলা

২৩৫৪। আবূ 'আতিয়্যাহ (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি ও মাসরূক (রহ.) 'আয়িশাহ্ (রাঃ)-এর নিকট গিয়ে বলি, হে উম্মুল মু'মিনীন! মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুইজন সাহাবীর একজন সূর্যান্তের সাথে সাথে ইফতার করেন এবং খুব তাড়াতাড়ি (মাগরিবের) সালাত আদায় করে নেন। আর দ্বিতীয়জন বিলম্বে ইফতার করেন এবং সালাতও বিলম্বে আদায় করেন। তিনি বললেন, তাদের মধ্যে কে ইফতার অনতিবিলম্বে করেন এবং সালাত তাড়াতাড়ি আদায় করেন? আমরা বললাম, তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাযি.)। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপই করতেন।[1]

সহীহ।

## **English**

Narrated Abu 'Atiyyah:

I and Masruq entered upon 'Aishah and we said: Mother of believers, there



are two persons from the Companions of the Muhammad (ﷺ). One of them hastens to break the fast and hastens to pray while the other delays to break the fast and delays praying. She asked: Which of them hastens to break the fast and hasten to pray? We replied: 'Abd Allah (b. Mas'ud). She said: Thus did the Messenger of Allah (ﷺ) do.

## ফুটনোট

[1]. মুসলিম, তিরমিয়ী। ইমাম তিরমিয়ী বলেন: এই হাদীসটি হাসান সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ আতিয়াা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন